শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৭১১০

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৪/ ২৫৬৭ তারিখঃ ২৩ /০৫/২০১৭খ্রিঃ

**বিষয় ঃ তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ ১) নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৪/২৩০৪; তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/১১৪/২; তারিখঃ ৩০/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাশারাবাদ ডাকঘরের অন্তর্গত বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত ৯ম শ্রেণিতে কম্পিউটার বিষয়ে খোলার অনুমতি সংক্রান্ত (নং-রিক/১৯৯৪/৯; তারিখঃ ২২/০৯/২০০৪) পরিপত্র যাচাইঅন্তে জাল ও ভূয়া মর্মে প্রতীয়মান হয়। অধ্যক্ষ কর্তৃক প্রতারণা ও জাল জালিয়াতির মাধ্যমে সরকারি দপ্তরের পরিপত্র সৃজন করায় তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য মাদরাসার গভার্ণিং বডির সভাপতিকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)।

নথি দৃষ্টে দেখা যায়, গভার্ণিং বডির সভাপতি কর্তৃক কম্পিউটার শিক্ষক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অধ্যক্ষকে উক্ত অভিযোগ থেকে অব্যহতি প্রদান করা হয়েছে মর্মে বোর্ডকে অবহিত করা হয়েছে; যা বোর্ড তথা সরকার কর্তৃক জারিকৃত আদেশ অমান্য করার সামিল এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৬ ও ৪১ (চ) এর পরিপন্থি হওয়ায় এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নাঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে কারণ দর্শানো হয় (কপি সংযুক্ত)। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও অধ্যক্ষ জবাব প্রদান করেছেন। জবাবে সাবেক অধ্যক্ষ ও সাবেক কমিটির সভাপতি কর্তৃক এহেন বেআইনী ও মাদরাসার স্বার্থ পরিপন্থি কার্যকলাপ করা হয়েছে মর্মে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিল্লিখিত অভিযোগ এবং মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ..৫....(..পাঁচ...) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২১.৫.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৪/ তারিখঃ /০৫/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৫. সভাপতি/ সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৬. অধ্যক্ষ, বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\05. May\14.05.2017\Potu-174

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd

নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/২৮০ তারিখঃ ১৮/১০/২০১৫

বিষয়ঃ কম্পিউটার শাখা খোলার অনুমোদনের কপি যাচাইকরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং ১জি-৪১-বি:/২০১৫/৪৪৭২; তারিখ: ১১/০৮/২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন ডাকঘরের অন্তর্গত বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসায় দাখিল ৯ম শ্রেণিতে কম্পিউটার বিষয় খোলা সংক্রান্ত সংযুক্ত পত্রটি (নং রিক/১৯৯৪/৯; তারিখ: ২২/০৯/২০০৪) জাল ও ভূয়া মর্মে প্রতীয়মান হয়।

বিষয়টি নির্দেশক্রমে প্রেরিত হলো।

১৮/১০/১৫
উপ-পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন নং- ৯৬৭৫০১৬

সহকারি পরিচালক (বিশেষ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। পি.এ. টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২। অফিস কপি।

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড (৪)

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd

নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/ তারিখ : /১০/২০১৫

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাশারাবাদ ডাকঘরের অন্তর্গত বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল ৯ম শ্রেণিতে কম্পিউটার বিষয়ের শিক্ষকের এমপিওভুক্তির জন্য আবেদন করেছেন। এরই পরিপ্রেক্ষিতে মাউশি থেকে নং স্মারক নং ১জি-৪১-বি:/২০১৫/৪৪৭২; তারিখ: ১১/০৮/২০১৫ পত্র মারফত প্রেরিত সংযুক্তি পত্রটি (নং রিক ১৯৯৪/৯: তারিখ: ২২/০৯/২০০৪) সঠিক নয়। এতে প্রতীয়মান হয় যে, মাদরাসা প্রধান প্রতারণা ও জালিয়াতীপূর্বক উক্ত অফিস আদেশটি সৃজন করেছেন; যা আইনত: দন্ডনীয় অপরাধ।

এহেন প্রতারণার দায়ে কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না এর লিখিত জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক .......................... পাতা।

মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৫৮৬১০২০০

সভাপতি
বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা,
ডাকঘর- বাশারাবাদ, উপজেলা- বাউফল, জেলা- পটুয়াখালী।

নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/ তারিখ : /১০/২০১৫

১। উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
২। অফিস কপি।

উপ-পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৫০১৬

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd

নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/ তারিখঃ /০৩/২০১৬

**বিষয়ঃ অবহিতকরণ প্রসঙ্গে ।**

সূত্রঃ নং বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/২৭৫, তারিখ: ২৬/১০/২০১৫ ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাশারাবাদ ডাকঘরের অন্তর্গত বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল ৯ম শ্রেণিতে কম্পিউটার বিষয়ের শিক্ষকের এমপিওভুক্তির জন্য আবেদন করেছেন । এরই পরিপ্রেক্ষিতে মাউশি থেকে নং ১জি-৪১-বি:/২০১৫/৪৪৭২; তারিখ: ১১/০৮/২০১৫ পত্র মারফত প্রেরিত সংযুক্ত পত্রটি (নং রিক ১৯৯৪/৯: তারিখ: ২২/০৯/২০০৪) সঠিক নয় । এতে প্রতীয়মান হয় যে, মাদরাসা প্রধান প্রতারণা ও জালিয়াতীপূর্বক উক্ত অফিস আদেশটি সৃজন করেছেন; যা আইনত দন্ডনীয় অপরাধ । তৎপ্রেক্ষিতে মাদরাসা প্রধান যে জবাব দাখিল করেন তা সন্তোষজনক নয় ।

এহেন প্রতারণার দায়ে মাদরাসা প্রধানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া এবং মাদরাসা বোর্ডকে সে বিষয়ে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক --------------- পাতা ।

মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৫৮৬১০২০০

সভাপতি
বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা
ডাকঘর- বাশারাবাদ, উপজেলা- বাউফল, জেলা- পটুয়াখালী ।

নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/ ১১৪/২ তারিখঃ /০৩/২০১৬

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১ । উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী ।
২ । অফিস কপি ।

উপ-পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৫৭৭০১৬

# বাশারাবাদ (চাবুয়া) ছালেহীয়া আলিম মাদ্‌রাসা

পোঃ বাশারাবাদ, উপজেলা ঃ বাউফল, জেলা ঃ পটুয়াখালী।

স্থাপিত ঃ ১৯৭০ খ্রিঃ

EIIN NO. 102051.Madrasah Code : 17110, E-mail : basharabadchabisalehialaim@gmail.com


স্মারক নং-　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ ঃ

বরাবর,

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয় ঃ সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভর্নিং বডি কেন ভেঙ্গে দেয়া হবেনা তার কারণ দর্শানো নোটিশের জবাবদান প্রসঙ্গে।

সূত্র ঃ বামাশিবো/প্রশা/পটুয়াখালী ১৭৪/২৩০৪, তারিখ ঃ ১৮/০১/২০১৭ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির নিমিত্তে জানাচ্ছি যে, আমি আপনার কার্যালয়ের স্মারক নং- বামাশিবো/প্রশা/১৯৯৭/নথি নং পটুয়াখালী ১৭৪, তারিখ ঃ ২১/০৯/২০১৬ ইং তারিখের পত্রের মাধ্যমে সভাপতি হিসাবে মনোনীত হয়েছি। আর বর্তমান অধ্যক্ষ অত্র প্রতিষ্ঠানে যোগদান করেন ০১/০৯/২০১৬ ইং তারিখে। পত্রে উল্লেখিত অনাকাঙ্খিত, নেক্কারজনক ঘটনাটি ঘটে সাবেক অধ্যক্ষ ও সাবেক সভাপতির সময়কালীন সময়ে। এহেন ঘটনার সাথে আমার বা বর্তমান অধ্যক্ষের কোন সংশ্লিষ্টতা নেই। বর্তমান গভর্নিংবডি যেকোন অনিয়ম, বেআইনী ও মাদ্‌রাসার স্বার্থ পরিপন্থী কর্মকান্ডের বিরুদ্ধে সর্বদা তৎপর থাকার অংগিকারাবদ্ধ। পাশাপাশি পূর্বেকার সংগঠিত ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করছি।

যেহেতু আমার বা বর্তমান অধ্যক্ষের সময়ে ঘটনাটি সংগঠিত হয়নি, তাই অত্র জবাবকে আপনার মহানুভবতায় সন্তোষজনক বিবেচনান্তে সভাপতিসহ অনুমোদিত গভর্নিং বডি বহাল রাখার আবেদন করছি।

সংযুক্ত করা হলো ঃ-
১। ১১/০২/২০১৭ ইং তারিখের গভর্নিং বডির রেজুলেশনের সত্যায়িত অনুলিপি- ২ ফর্দ।

২৩/০২/২০১৭

(এ্যাডভোকেট মোঃ শাহাবুদ্দিন)
জি.পি. জজকোর্ট, পটুয়াখালী
ও
সভাপতি
বাশারাবাদ (চাবুয়া) ছালেহীয়া আলিম মাদ্‌রাসা
বাউফল, পটুয়াখালী।

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৪/ ২৩০৪ তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

বিষয় ঃ সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্র ঃ নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/১১৪/২; তারিখঃ ৩০/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাশারাবাদ ডাকঘরের অন্তর্গত বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত ৯ম শ্রেণিতে কম্পিউটার বিষয়ে খোলার অনুমতি সংক্রান্ত (নং-রিক/১৯৯৪/৯; তারিখঃ ২২/০৯/২০০৪) পরিপত্র যাচাইঅন্তে জাল ও ভূয়া মর্মে প্রতীয়মান হয়। অধ্যক্ষ কর্তৃক প্রতারণা ও জাল জালিয়াতির মাধ্যমে সরকারি দপ্তরের পরিপত্র সৃজন করায় তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য মাদরাসার গভার্ণিং বডির সভাপতিকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়।

নথি দৃষ্টে দেখা যায়, গভার্ণিং বডির সভাপতি কর্তৃক কম্পিউটার শিক্ষক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অধ্যক্ষকে উক্ত অভিযোগ থেকে অব্যহতি প্রদান করা হয়েছে মর্মে বোর্ডকে অবহিত করা হয়েছে; যা বোর্ড তথা সরকার কর্তৃক জারিকৃত আদেশ অমান্য করার সামিল এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৬ ও ৪১ (চ) এর পরিপন্থি।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৯৯৭/নথি নং- পটুয়াখালী-১৭৪; তারিখঃ ২১/০৯/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নাঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান ১৮/১/১৭
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/ সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
২) অধ্যক্ষ, বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৭৪/ ২৩০৪ তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

১৮/১/১৭
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\01. Januray\08.01.2017\Potu-174